

## নবজাতক ও কিশোর-কিশোরীদের উন্নত স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাথে ইউনিসেফের সমঝোতা স্মারক স্বাক্ষর

নবজাতক ও কিশোর-কিশোরীদের বয়োসন্ধিকালীন উন্নত স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাথে ইউনিসেফ-এর এক গুরুত্বপূর্ণ সমঝোতা স্মারক আজ মঙ্গলবার ২৭ মার্চ ২০১৮ইং তারিখ, সকালে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে মাননীয় উপাচার্য মহোদয়ের কার্যালয়ে স্বাক্ষরিত হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন এ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া। ইউনিসেফ-এর পক্ষে স্বাক্ষর করেন চিফ, হেলথ সেকশন মায়া ভ্যানডেনেস্ট। এ সমঝোতা চুক্তি স্বাক্ষর হওয়ায় নবজাতক ও কিশোর-কিশোরীদের বয়োসন্ধিকালীন উন্নত স্বাস্থ্যসেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখবে। এরফলে নবজাতক এবং কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা প্রদানের ক্ষেত্রে চিকিৎসক-নার্সদের প্রয়োজনীয় প্রশিক্ষণ, নবজাতকদের চিকিৎসাসেবা প্রদানের ক্ষেত্রে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও প্রযুক্তি সরবরাহ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে নিউবর্ন নলেজ সেল প্রতিষ্ঠা এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় থেকে দেশব্যাপী নবজাতকদের চিকিৎসা সেবা কার্যক্রম মনিটরিং ইত্যাদি ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখবে। গুরুত্বপূর্ণ এই সমঝোতা চুক্তি স্বাক্ষর হওয়ায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া ইউনিসেফ-কে ধন্যবাদ জানিয়ে বলেন, এই সমঝোতা স্মারক স্বাক্ষর হওয়ায় নবজাতক ও কিশোর-কিশোরীদের উন্নত স্বাস্থ্যসেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার পাশাপাশি টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনেও বিশেষ ভূমিকা রাখবে। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, সাবেক উপ-উপাচার্য নবজাতক বিশেষজ্ঞ অধ্যাপক মোহাম্মদ সহিদুল্লা, নবজাতক বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ আব্দুল মান্নান, ইউনিসেফের হেলথ ম্যানেজার ডা. মোঃ জিয়াউল মতিন, সহযোগী অধ্যাপক ডা. সঞ্জয় কুমার দে প্রমুখ উপস্থিত ছিলেন।